

বাংলাদেশ হাই কমিশন  
কলম্বো, শ্রীলঙ্কা

প্রেস বিজ্ঞপ্তি

**কলম্বোস্থ বাংলাদেশ হাই কমিশনে পহেলা বৈশাখ পালন**

কলম্বো, বৃহস্পতিবার, ১৪ এপ্রিল ২০১৬

যথাযোগ্য উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে বৃহস্পতিবার, ১৪ এপ্রিল ২০১৬ কলম্বোস্থ বাংলাদেশ হাই কমিশনে বাংলা নববর্ষ উদযাপন করা হয়। দিবসটি পালন উপলক্ষ্যে দূতাবাস প্রাঙ্গণে একটি বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে শ্রীলঙ্কায় বসবাসকারী প্রবাসী বাংলাদেশীগণসহ মিশনের কর্মকর্তা-কর্মচারীগণ রঙ্গীন পাঞ্জাবী ও শাড়ী পরিধান করে সপরিবারে অংশগ্রহণ করেন।

এ উপলক্ষ্যে গৃহীত কর্মসূচীর প্রধান আকর্ষণ ছিল সন্ধ্যায় আয়োজিত একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে একক ও সমবেত সংগীত, কবিতা আবৃত্তি, বাংলাদেশের ঐতিহ্যবাহী ও সমকালীন পোশাক প্রদর্শনী, ইত্যাদি স্থান লাভ করে। হাই কমিশনার তারিক আহসান, তাঁর স্বাগত বক্তব্যে, সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানান। তিনি উল্লেখ করেন যে, বৈশাখের উত্তাপ আর ঝর-ঝঞ্ঝা পুরোনো কে ভেঙ্গে নতুনকে সৃষ্টি করার শক্তির প্রতীক। তিনি মন্তব্য করেন যে, বাঙ্গালীর নতুন বছরে জীবনকে আরও সুন্দর করে গড়ে তোলার সংকল্প গ্রহণে এটিই উপযুক্ত সময়।

সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে চিত্তাকর্ষক আঙ্গিকে উপস্থাপিত হয় ঐতিহ্যবাহী ও খাটি বাংলাদেশি রান্নায় প্রস্তুতকৃত নৈশভোজ। মূলতঃ দূতাবাসের পরিবারদের দ্বারা রন্ধনকৃত এ খাবার পরিবেশিত হয় বাংলা সংগীতের আবহে আর বাংলাদেশি হস্তশিল্প সামগ্রী দ্বারা সজ্জিত পরিবেশে। প্রায় সত্তর জন অতিথীর অংশ গ্রহণে অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে।

\*\*\*\*\*